গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মাধবপুর, হবিগঞ্জ।
Email : useomadhabpur@gmail.com

স্মারক নং ঃ উমাশিঅ/মাধব/গ্রীঃ খেঃ-১৭৫/২০১৬/৭৮৮(৮১০)

তারিখ ঃ০৮/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ "বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি " এর উপজেলা কমিটির সভায় যোগদান প্রসেঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ৪৫তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা -২০১৬ আয়োজনের লক্ষ্যে "বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি " মাধবপুর উপজেলা কমিটির এক প্রস্তুতিমুলক সভা আগমী ১০/০৮/২০১৬খ্রিঃ রোজ বুধবার বিকাল ৩.৩০ ঘটিকা মাননীয় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

সভার আলোচ্য সূচী ঃ

১। ৪৫তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন খেলাধূলার সম্ভব্য বাজেট প্রনয়ন।
২। ৪৫তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীনখেলাধূলার পরিচালনা কমিটি গঠন।
৩। ৪৪তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা শীতকালীন খেলাধূলার আয়-ব্যয়ের হিসাব অনুমোদন।
৪। বিবিধ।

৮/৮/১৬

( মোঃ গোলাম রব্বানী মজুমদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।
☎০৮৩২৭- ৫৬৩৯২
ফ্যাক্স ঃ ০৮৩২৭- ৫৬১৩৮

প্রাপক ঃ

১। উপজেলা ................................................. অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার....................................উচ্চ বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ, মাদ্রাসা, মাধবপুর, হবিগঞ্জ।

৩। জনাব, ............................................................./ সহঃ শিক্ষক(শারীরিক), উচ্চ বিদ্যালয়/ স্কুল এন্ড কলেজ/মাদ্রাসা,মাধবপুর, হবিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.১০.০০০০.১১২.৫৭.২২.২০১৫/ ২৪০৭/৬৪ তারিখ ঃ ০৯ শ্রাবণ ১৪২৩
২৪ জুলাই ২০১৬

**বিষয় ঃ ৪৫ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি প্রেরণ।**

বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির ২১-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত "সাধারণ পরিষদের" সভার সিদ্ধান্ত মোতাবেক **৪৫তম** গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা প্রতিষ্ঠান,উপজেলা/থানা, জেলা,উপ-অঞ্চল ও অঞ্চল হতে জাতীয় পর্যায় পর্যন্ত নিম্নেবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তাঁর আওতাধীন প্রতিষ্ঠান,উপজেলা/থানা এর সভাপতি/সম্পাদকের নিকট জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সার্কুলারটি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সময়সূচি- ২০১৬**

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল,মাদরাসা ও কারিগরি) | ১০-০৮-২০১৬ খ্রিঃ | হতে | ১৪-০৮-২০১৬ খ্রিঃ |
| উপজেলা/থানা পর্যায়ে | ১৬-০৮-২০১৬ খ্রিঃ | হ'তে | ২৩-০৮-২০১৬ খ্রিঃ |
| জেলা পর্যায়ে | ২৬-০৮-২০১৬ খ্রিঃ | হ'তে | ২৯-০৮-২০১৬ খ্রিঃ |
| উপ-অঞ্চল পর্যায়ে | ৩১-০৮-২০১৬ খ্রিঃ | হ'তে | ০২-০৯-২০১৬ খ্রিঃ |
| অঞ্চল পর্যায়ে | ০৪-০৯-২০১৬ খ্রিঃ | হ'তে | ০৬-০৯-২০১৬ খ্রিঃ |
| জাতীয় পর্যায়ে | ১৭-০৯-২০১৬ খ্রিঃ<br>শনিবার | হ'তে | ২১-০৯-২০১৬ খ্রিঃ<br>বুধবার |

**৪৫ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা গ্রীষ্মকালীন সাঁতার (ছাত্র) প্রতিযোগিতায় নিম্নেবর্ণিত ইভেন্ট সমূহ অর্ন্তভুক্ত হবে;**

**(ক) বালক বড়** ঃ (১) ১০০মিঃ মুক্ত সাঁতার (২) ২০০মিঃ মুক্ত সাঁতার (৩) ১০০মিঃ চিৎ সাঁতার (৪) ১০০মিঃ বুক সাঁতার (৫) ১০০মিঃ প্রজাপ্রতি সাঁতার (৬) ৪X১০০মিঃ মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার,পরে বুক সাঁতার,তারপর প্রজাপতি ও সর্বশেষে প্রতিযোগীর মুক্ত সাঁতার)।

**(খ) বালক মধ্যম** ঃ (১) ১০০মিঃ মুক্ত সাঁতার (২) ৫০মিঃ চিৎ সাঁতার (৩) ৫০মিঃ বুক সাঁতার (৪) ৫০মিঃ প্রজাপতি সাঁতার (৫) ৪X৫০মিঃ মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার,পরে বুক সাঁতার,তারপর প্রজাপতি ও সর্বশেষে প্রতিযোগীর মুক্ত সাঁতার)।

**৪৫তম** গ্রীষ্মকালীন সাঁতার প্রতিযোগিতা গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২১ এর প্রেক্ষিতে অনুষ্ঠিত হবে। গ্রুপ বাছাইয়ে গঠনতন্ত্রের প্রতিটি বিষয় সুচারু ভাবে পালন করতে হবে। ৮ম শ্রেণী পাশ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে ছবি যুক্ত জে.এস.সি/জে.ডে.সি রেজিষ্ট্রেশন কার্ড ও সনদের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র (ইনডেক্স নম্বর ও নামাকিংত সিলসহ ) দাখিল করিতে হইবে।

**৪৫তম** বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা গ্রীষ্মকালীন ফুটবল (ছাত্র-ছাত্রী), কাবাডি (ছাত্র-ছাত্রী) ও হ্যান্ডবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা উপজেলা/থানা হতে অঞ্চল পর্যন্ত "নক আউট" পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে "লীগ" পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৭,১৮,১৯ এর বিধি মোতাবেক **৪৫তম** গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা পরিচালিত হবে।

প্রতিষ্ঠান পর্যায় (স্কুল,মাদরাসা ও কারিগরি),উপজেলা/থানা হতে বিভিন্ন খেলায় বিজয়ীদের ফটো ও নামের তালিকা কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য পরবর্তী পর্যায়ে (জেলা,উপঅঞ্চল,অঞ্চল ও জাতীয়) সম্পাদকের নিকট সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাক্ষর ও নামাকিংত সীলসহ সংগে সংগে পাঠাতে হবে। অন্যথায় উক্ত প্রতিযোগীদের পরবর্তী প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

ছাত্র-ছাত্রী বাছাইয়ের জন্য গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২২ অনুসরন করতে হবে। ছাত্র-ছাত্রীদের প্রকৃত বয়স নির্ণয়ের জন্য উপজেলা মেডিকেল অফিসার/স্কুল হেলথ অফিসার/সিভিল সার্জন এর সমম্বয়ে গঠিত কমিটি কর্তৃক বয়স পরীক্ষা করতে হবে। গঠনতন্ত্রে উল্লেখিত **পরিশিষ্ট 'ক' হতে 'চ' পর্যন্ত** (প্রযোজ্য ক্ষেত্রে) বিভিন্ন ফরম পূরন সহ খেলার যাবতীয় নিয়ম নীতি অনুসরন করে খেলা পরিচালনা করার জন্য অনুরোধ করা হ'ল।

**গঠনতন্ত্রের অনুচ্ছেদ-২৪ অনুযায়ী (ক)** বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির আইনে প্রতিষ্ঠানের জন্য স্কুল ও মাদরাসা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ বাধ্যতামূলক। অন্যথায় অংশগ্রহণে ব্যর্থ প্রতিষ্ঠানের এমপিও স্থগিত ও স্বীকৃতি বাতিল করা যাইতে পারে, তাহা সংশ্লিষ্ট কমিটি যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিবেন।

বি:দ্র: বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির খেলাধুলায় ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পিএসসি পরীক্ষার প্রবেশ পত্র ও পাশের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শণ পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাকিংত সিলসহ ) সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে অন্যথায় কোন অবস্থায় খেলায় অংশগ্রহণ করা যাবে না। **দলীয় খেলায় বয়স ১৭ বছরের মধ্যে হতে হবে। ব্যক্তিগত ইভেন্টে অষ্টম শ্রেণি বয়স ১৪ বছরের অধিক হলে সে বড় গ্রুপে খেলতে পারবে। প্রত্যেক পর্যায়ে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

(ফারহানা হক) ২৪.০৭.২০১৬
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
এবং
সভাপতি, বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতি।

জেলা শিক্ষা অফিসার
------------------------------।

3-B.G.S.M.K.S I মোহাম্মদ রায়েদ মজুমদার